



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
সাধারণ শাখা



মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় ত্রৈমাসিকের অগ্রগতির উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ জাকির হোসেন বিভাগীয় কমিশনার
সভার তারিখ	৩০.০৪.২০২৪ খ্রিঃ।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুরের সন্মেলন কক্ষ।
উপস্থিতি	...

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি রংপুর বিভাগের মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এবং কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের অগ্রগতির বিষয়ে সভায় উপস্থাপন করেন। তিনি জানান, আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী কর্মপরিকল্পনার বিভিন্ন সূচকসমূহ পর্যালোচনাসহ অন্যান্য বিষয়ে ফিডব্যাক প্রদানের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। এছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরের মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিটি সূচক পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। সার্বিক পর্যালোচনায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের চিত্র নিম্নরূপ:

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়ন অগ্রগতি							
		রংপুর	গাইবান্ধা	কুড়িগ্রাম	নীলফামারী	লালমনিরহাট	দিনাজপুর	ঠাকুরগাঁও	পঞ্চগড়
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.....									
১.১ নৈতিকতা কমিটির সভা	সভা আয়োজিত	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে
১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	-	প্রমাণক আছে	প্রমাণক আছে
১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	প্রশিক্ষণ আয়োজিত	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	-	প্রমাণক আছে	প্রমাণক আছে
১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্য) বিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতাবৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি।	উন্নত কর্ম-পরিবেশ	প্রমাণক আছে	-	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে
২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ৩									

২.১ ২০২৩-২৪ অর্থ- বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম..... ১৪ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম চারটি কার্যক্রম)									
৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ	রেজিস্টার হালনাগাদকৃত	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে	প্রমাণক আছে

অতপর: সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রমাণকসমূহ শুদ্ধাচার সেবাবক্সে ও এপিএএমএস সফটওয়্যারে আপলোড করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ
০২	২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশ উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ এপিএএমএস সফটওয়্যার ও শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করতে হবে এবং প্রমাণক হিসেবে পুরাতন এবং নতুন ছবি দাখিল করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ
০৩	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ বর্ণিত দুর্নীতি বিরোধী ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম বাস্তবায়নের প্রমাণকসমূহ সংরক্ষণপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ
০৪	তাঁর কার্যালয়ে ২০২৩-২৪ অর্থবছরে গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সূচকের মান ও একক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত 'আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪' অনুযায়ী সংশোধনপূর্বক পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ জাকির হোসেন
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০.০০৫.০৬.০০৬.২২.২৪৮


তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১

০২ মে ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর বিভাগ, রংপুর।
- ৪) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ
- ৫) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রংপুর বিভাগ, রংপুর (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয়, অবগতির জন্য)।



মোঃ জাকির হোসেন
বিভাগীয় কমিশনার